

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৮. ইলম সংরক্ষণ করা

بَابُ صِيَانَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَعِيدٍ أَخْبَرَنَا عَبْدُ السَّلَامِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْوَلِيدِ الْمُزَنِيِّ عَنْ عُبَيْدِ بْنِ الْحَسَنِ قَالَ قَسَمَ مُصِعْبُ بْنُ الزُّبَيْرِ مَالًا فِي قُرَّاءِ أَهْلِ الْكُوفَةِ حِينَ دَخَلَ شَهْرُ رَمَضَانَ فَبَعَثَ إِلَى عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَعْقِلٍ بِأَلْفَيْ دِرْهَمٍ فَقَالَ لَهُ اسْتَعِنْ بِهَا فِي شَهْرِكَ هَذَا فَرَدَّهَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَعْقِلٍ وَقَالَ لَمْ نَقْرَأُ الْقُرْآنَ لِهَذَا

إسناده صحيح

বাংলা

৫৯৩. উবাইদ ইবনুল হাসান হতে বর্ণিত, তিনি বলেন: একদা যখন রমযান মাস শুরু হলো তখন মুস'আব ইবনু যুবাইর কিছু মাল-সম্পদ কুফা'র কারীদের মাঝে দান করলেন। তারপর তিনি আব্দুর রহমান ইবনু মা'কিল-এর নিকট দু'হাজার দিরহাম পাঠিয়ে দিলেন। আর তাকে বলে পাঠালেন: এ মাসে এগুলো দ্বারা উপকৃত হোন। কিন্তু, আব্দুর রহমান বিন মা'কিল তা ফেরত পাঠিয়ে বললেন: আমরা এর জন্য কুরআন পাঠ করি না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: (মুহাক্বিক্ব এর কোনো তাখরীজ করেননি- অনুবাদক)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাইদ ইবনুল হাসান (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন